



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০



অনলাইন পুলিশ ভেরিফিকেশন (ডি-রোল) ফরম পূরণ নির্দেশিকাঃ-

- ১। ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২-এ প্রাথমিকভাবে নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে আবশ্যিকভাবে অনলাইনে পুলিশ ভেরিফিকেশন ফরম (ডি-রোল) পূরণ করে অনলাইনে সাবমিট করতে হবে।
- ২। আগামী ৩১.০৫.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে ডি-রোল ফরম সাবমিট না করলে ঐ প্রার্থীকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।
- ৩। প্রার্থীকে প্রথমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা বিভাগের <https://scs.ssd.gov.bd/job-security-login> লিংকে সরাসরি অথবা NTRCA-এর ওয়েবসাইটের ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ নামক সেবাবক্সের অনলাইন পুলিশ ভেরিফিকেশন লগইন মেন্যুতে ক্লিক করে Online Security Clearance System-এর User Access বক্সে প্রবেশ করতে হবে।
- ৪। ডি-রোল ফরম পূরণের জন্য প্রার্থীকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক সৃজিত USER ID এবং Password ব্যবহার করতে হবে। টেলিটক বিডি লিঃ কর্তৃক প্রত্যেক নির্বাচিত প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে V-Roll সংক্রান্ত User ID এবং Password প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট প্রার্থী উক্ত User ID এবং Password ব্যবহার করে User Access বক্সে Sign In-এ ক্লিক করে লগইন করতে হবে।
- ৫। User Access বক্সে লগইন করার পর যে webpage আসবে উক্ত webpage-এর বামপাশের কর্ণারে Dashboard-এর নিচে Job Security Clearance-এ ক্লিক করার পর তার নিচে Job Security Clearance-এ পুনরায় ক্লিক করতে হবে।
- ৬। Job Security Clearance-এ ক্লিক করার পর যে webpage আসবে তার ডানপাশের কর্ণারে +New Application এ ক্লিক করলে “নিরাপত্তা ছাড়পত্রের জন্য আবেদন” নামে একটি ফরম আসবে। উক্ত ফরমটির সকল ঘর (Field) যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। ফরমটি ০৫ (পাঁচ) ধাপে পূরণ করতে হবে। ১ম ধাপে প্রাথমিক তথ্য, ২য় ধাপে ঠিকানার তথ্য, ৩য় ধাপে শিক্ষাগত যোগ্যতা, ৪র্থ ধাপে অভিজ্ঞতা/অন্যান্য এবং ৫ম ধাপে ঘোষণা রয়েছে। প্রত্যেক ধাপ পূরণ করার পর ফরমের নিচে বাম কর্ণারে ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে।

৩৫